

এক নজরে

জেলা পরিবার পরিবার পরিকল্পনা কার্যালয়, বাগেরহাট।

জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, বাগেরহাট অত্র জেলায় মা ও শিশু কল্যাণ কেন্দ্র, উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র, কমিউনিটি ক্লিনিক এবং স্যাটেলাইট ক্লিনিকের মাধ্যমে পরিবার পরিকল্পনা, মা ও শিশু স্বাস্থ্য, প্রজনন স্বাস্থ্য, পরিবার পরিকল্পনা সেবা এবং কিশোর কিশোরী সেবা সহ বিভিন্ন সরকারী কর্মসূচী সাফল্যের সাথে পরিচালনা করে চলছে।

চলমান গুরুত্বপূর্ণ কার্যক্রমঃ

নিরাপদ মাতৃত্ব নিশ্চিত করার লক্ষ্যে অত্র জেলাধীন ৭৬ টি ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে থেকে মা ও শিশু স্বাস্থ্য, প্রজনন স্বাস্থ্য, পরিবার পরিকল্পনা সেবা এবং কিশোর কিশোরী সেবা সহ বিভিন্ন সেবা প্রদান করা হচ্ছে। অত্র জেলায় প্রাতিষ্ঠানিক প্রসব সেবার হার ক্রমশ বৃদ্ধি পাচ্ছে। মাতৃমৃত্যু, মৃত জন্ম, এবং নব জাতকের মৃত্যু হ্রাস এই বিভাগের একটি অন্যতম সফলতা। এই লক্ষ্যে প্রতিটি গর্ভবতী মায়ের মোবাইল নাম্বার সহ তালিকা সংরক্ষণ, যথাসময়ে গর্ভবতী মায়ের কাছে সেবা পৌঁছে দেয়া এবং ঝুঁকি নিরূপন ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত অত্র বিভাগ নিরলস ভাবে কাজ করে যাচ্ছে।

সমাজের গণ্যমান্য ব্যক্তি, ইমাম/খতিব, ম্যারেজ রেজিস্টার, নব বিবাহিত দম্পতি, স্কুল ও মাদ্রাসার শিক্ষক এবং ছাত্র-ছাত্রীদের অংশগ্রহণে বাল্য বিবাহ রোধ, প্রজনন স্বাস্থ্য, মা ও শিশু স্বাস্থ্য, পরিবার পরিকল্পনা সেবা সহ বিভিন্ন বিষয়ে কর্মসূচী গ্রহণের মাধ্যমে অত্র বিভাগ জনগণকে উদ্বুদ্ধকরণ এবং সমাজে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে কাজ করে যাচ্ছে। অত্র কার্যালয়ধীন মাঠ পর্যায়ে কর্মরত পরিবার কল্যাণ সহকারী দ্বারা সপ্তাহে ০৩ (তিন) দিন বাড়ী-বাড়ীতে এবং ০৩ (তিন) কমিউনিটি ক্লিনিকে সেবা প্রদানের মাধ্যমে জনগণের স্বাস্থ্য সেবা নিশ্চিত করা হচ্ছে।